সমকাল

তারিখ ... 09 JUN 2016 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... ৬ ......

# ১৭ হাজার শূন্য পদে শিক্ষক নিয়োগে উকিল নোটিশ

■ সমকাল প্রতিবেদক

উচ্চ আদালতের রায়ের আলোকে সদ্য জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়গুলোর ১৭ হাজার ৪৪৪টি শূন্য পদে শিক্ষক নিয়োগের ব্যবস্থা নিতে সরকারকে আইনি (লিগ্যাল) নোটিশ পাঠানো হয়েছে। সুপ্রিম কোর্টের আইনজীবী সিদ্দিক উল্লাহ মিয়া গতকাল বুধবার ডাকযোগে এ নোটিশ পাঠিয়েছেন।

আগামী সাত দিনের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পলিসি ও অপারেশন) এবং সব জেলা প্রশাসক ও জেলা শিক্ষা কর্মকর্তাকে এ নোটিশের জবাব দিতে বলা হয়েছে।

আইনজীবী সিদ্দিক উল্লাহ মিয়া বলেন, 'উচ্চ আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে গত ১৮ মে সারাদেশে সদ্য জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়গুলোতে সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের নির্দেশ দেয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এর আলোকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ৬ জুন সব জেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও জেলা প্রশাসককে এ বিষয়ে ব্যবস্থা নিতে আদেশ জারি করে। এরপর প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগে শূন্য পদের সংখ্যা নিয়ে জটিলতার সৃষ্টি হয়।'

এর আগে গত বছরের ১৭ সেপ্টেম্বর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পক্ষে আইন শাখা থেকে রাষ্ট্রপক্ষের এফিডেভিট দিয়ে ১৭ হাজার ৪৪৪টি পদ শূন্য দেখানো হয়। সেই এফিডেভিটের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট তার রায়ে সেসব পদে শিক্ষক নিয়োগের নির্দেশ দেন। ওই রায় মেনেই অবিলম্বে এসব পদে নিয়োগ দিতে বলা হয়েছে বলে নোটিশে উল্লেখ করা হয়।